

মাধ্যমিক সহকারী শিক্ষকদের আল্টিমেটাম

ইত্তেফাক রিপোর্ট

সরকার ঘোষিত নতুন ৮ম জাতীয় বেতন স্কেলে সহকারী শিক্ষকদের পদ ৯ম গ্রেডে এবং সিনিয়র শিক্ষক পদ ৮ম গ্রেডে অন্তর্ভুক্তকরণসহ বিভিন্ন দাবি জানিয়েছে মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতির (একাংশ)।

গত মঙ্গলবার জাতীয় প্রেসরুমে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এসব দাবি জানিয়ে বলা হয়, আগামী ১৫ মার্চের

মধ্যে বেতন সংক্রান্ত দাবি পূরণ না হলে ২০ মার্চের পর সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ক্লাস বর্জন, কর্মবিরতিসহ বৃহত্তর কর্মসূচি ঘোষণা করা হবে।

এ সময় সংগঠনের আহবায়ক মোফাজ্জল হোসেন, সদস্য সচিব মোহাম্মদ মোখলেছুর রহমান চৌধুরী, শিক্ষক নেতা মোহাম্মাদ আলী বেলাল, আশরাফুল হক ভূঁইয়া, এম এ মতিন প্রমুখ উপস্থিত ছিলেন।